

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) ঠিকাদার হতে প্রাপ্ত কোটেশন।
- (৪) প্রাক্কলন।
- (৫) প্রতিবেদন।

বিষয়: "Supply of necessary spare parts for Electric Scooty Under PSTP" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকা থেকে সংগৃহীত পয়ঃবর্জ্য প্রতিদিন গড়ে ১২০ মিলিয়ন লিটার পরিমাণে শোধন করা হয় পাগলা পয়ঃশোধনাগারে। এখানে এরোবিক ও নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃবর্জ্য শোধন করে ক্লোরিন সংযুক্তির মাধ্যমে ভূগর্ভস্থ পাইপলাইনের মাধ্যমে তা বুড়িগঙ্গা নদীতে নির্গত করা হয়। উক্ত স্থাপনাটি একটি কেপিআই এবং জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে তালিকাভুক্ত। বর্তমানে এই প্লান্ট থেকে ৯.০ কিঃমিঃ অভ্যন্তরীণ পাইপলাইন, চারটি প্রধান পয়ঃনিষ্কাশন লাইন, ১৭টি মডস্ জোনভুক্ত পয়ঃউত্তোলন কেন্দ্র, নারিন্দা পয়ঃপাম্পিং স্টেশন এবং বিভিন্ন লিফট পাম্প, স্লাজ পাম্প ও আউটফল পাম্পের নিয়মিত বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ ও মেরামতের মাধ্যমে ঢাকা মহানগরীর নাগরিকদের পয়ঃনিষ্কাশন সেবা প্রদান করা হয়ে থাকে। প্লান্টটি প্রায় ২৫৩ একর এলাকা জুড়ে বিস্তৃত হওয়ায় এর নিরাপত্তা নিশ্চিত করতে সার্বক্ষণিকভাবে আনসার ও নিরাপত্তা সদস্যদের টহল ডিউটি করতে হয়। বিশাল এলাকাজুড়ে টহল কার্যক্রম পরিচালনার সুবিধার্থে নির্ধারিত তিনটি গ্রী-হইলার এবং দুটি টু-হইলার স্কুটি ব্যবহার করা হয়। এই যানবাহনগুলোর দ্রুত ও কার্যকর অপারেশন নিশ্চিত নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য কিছু প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ করা অত্যাবশ্যক। উল্লেখ্য, এ প্লান্টে নিয়মিতভাবে বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশি প্রতিনিধি, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা ও সুশীল সমাজের সদস্যগণ কর্তৃপক্ষের অনুমতিক্রমে পরিদর্শন করেন।

১.১। সেই আলোকে বর্তমান বাজার দরের ভিত্তিতে "Supply of necessary spare parts for Electric Scooty Under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৪৭,৯০০.০০ (চার লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "যানবাহন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০১৭) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-184; প্যাকেজ নং-G32 এ অন্তর্ভুক্ত করা আছে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of necessary spare parts for Electric Scooty Under PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে Limited Tendering Method (LTM) এ দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৪,৪৭,৯০০.০০ (চার লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের “মানবাহন রক্ষাবেক্ষণ” (কোড ০১-০৪-০১৭) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


২১/০৭/২৫
মোঃ মাসুম রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।


২১.০৭-২০২৫

মোঃ মাসুম রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।


সৈয়দ শাহজাহান রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াশা।

ইস্যু নং ১২/১১/১১
তারিখ ২২/০৭/২৫

SE (WSP/Circle)

১.৪৭

২১.০৭.২৫

(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াশা।

NEW (PSTP)